

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫০৯(আগরতলা, ০৭।০৩)

সোনামুড়া, ০৭ মার্চ, ২০১৯

রাজ্য সরকার গ্রামকে অগ্রাধিকার
দিয়ে কাজ করছে : উপমুখ্যমন্ত্রী

গরীবদের জন্য কাজ করতে রাজ্য সরকার প্রতিজ্ঞাবদ্ধ। কাজ করতে হবে সঠিকভাবে, সময়মত। সরকারের লক্ষ্য ২০২২ সালের মধ্যে কৃষকদের আয় দ্বিগুণ করা। উপমুখ্যমন্ত্রী যীষু দেববর্মা এ কথা বলেছেন। আজ তিনি কাঠালিয়া বাগান বাড়ি ইংরেজী মাধ্যম এস বি স্কুলের নতুন ভবনের উদ্বোধন করে বলেন, জনগণকে সরকারের কাছে যেতে হবে না। সরকার মানুষের কাছে যাবে। ত্রিপুরা সরকার গ্রামকে অগ্রাধিকার দিয়ে কাজ করছে। গ্রাম ভালো থাকলে সরকারও ভালো থাকবে। আমাদের কাছে সব ধর্ম এক ও অভিন্ন। আমরা ধর্ম নিয়ে রাজনীতি করি না। ভবনটি সীমান্ত এলাকা উন্নয়ন প্রকল্পে নির্মাণ করা হয়েছে। এতে ব্যয় হয়েছে ৬২ লক্ষ ৫২ হাজার টাকা। এছাড়াও তিনি আজ নির্ভয়পুর উপস্বাস্থ্য কেন্দ্রের পাকা ভবন এবং কাঠালিয়া এগ্রি মার্কেট স্টলের উদ্বোধন করেন। স্টলটি নির্মাণে ব্যয় হয়েছে ৩০ লক্ষ টাকা। উপমুখ্যমন্ত্রী বলেন, কাঠালিয়া বাজারে একটি স্টেট ব্যাংক-এর শাখা খোলা হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, সমাজসেবী প্রতিমা ভৌমিক, কাঠালিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পিন্টু আইচ এবং কাঠালিয়া ব্লকের বি ডি ও।
